



চার দফা দাবিতে সরকারি মাধ্যমিক শিক্ষকদের কর্মবিরতি



সংগৃহীত ছবি

চার দফা দাবির প্রেক্ষিতে দেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা সোমবার (১ ডিসেম্বর) পূর্ণদিবস কর্মবিরতি পালন করছেন। কর্মসূচির অংশ হিসেবে ষষ্ঠ থেকে দশম শ্রেণির চলমান বার্ষিক পরীক্ষাও স্থগিত ঘোষণা করা হয়েছে।

রোববার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের সামনে দ্বিতীয় দিনের মতো অবস্থান কর্মসূচি শেষে বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির ব্যানারে এ কর্মবিরতির ঘোষণা আসে। তাদের মূল দাবি—সহকারী শিক্ষক পদকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্ত করা।

শিক্ষক নেতারা জানান, দাবি পূরণ হলে শুক্র ও শনিবার ছুটির দিনেও স্থগিত পরীক্ষাগুলো নেওয়া হবে এবং ডিসেম্বরের মধ্যেই ফল প্রকাশ করা হবে। তবে দাবি আদায় না হওয়া পর্যন্ত কর্মবিরতি চলবে বলে তারা জানান। উল্লেখ্য, ২৪ নভেম্বর থেকে মাধ্যমিক বিদ্যালয়গুলোতে বার্ষিক পরীক্ষা চলছে।

এদিকে, ১১তম গ্রেডে বেতন—ভাতা নির্ধারণসহ তিন দফা দাবিতে দেশের বিভিন্ন জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের একাংশও গতকাল থেকে কর্মবিরতিতে রয়েছেন। আজ প্রাথমিক স্তরের বার্ষিক পরীক্ষা শুরু কথায় থাকলেও শিক্ষার্থী—অভিভাবকদের মধ্যে দেখা দিয়েছে অনিশ্চয়তা।